BSIA

স্মারক নংঃ বিএসআইএ/নির্বাচন বোর্ড/১৯৪/২৬ তারিখঃ ১৫ অক্টোবর ২০২৬

বাংলাদেশ সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন (বিএসআইএ) এর ২০২৭-২০২৮ মেয়াদী দ্বি-বার্ষিক

নির্বাচনী তফসিল

বাণিজ্য সংগঠন আইন, ২০২২ ও বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এবং বাংলাদেশ সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন (বিএসআইএ) এর সংঘস্মারক ও সংঘবিধি অনুযায়ী এসোসিয়েশনের দ্বি- বার্ষিক নির্বাচন ২০২৭-২০২৮ মেয়াদের ৯ (নয়) সদস্য বিশিষ্ট [প্রেসিডেন্ট-০১ জন, সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট- ০১ জন, ভাইস প্রেসিডেন্ট (অ্যাডমিন)-০১ জন, ভাইস প্রেসিডেন্ট (ফিন্যান্স)-০১ জন, ডিরেক্টর-০৫ জন] নির্বাহী পরিষদ গঠনের উদ্দেশ্যে আগামী ২৩ জানুয়ারি ২০২৭, তারিখ রোজ শনিবার, স্থানঃ (পরবর্তীতে জানিয়ে দেয়া হবে) নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নোক্ত তফসিল ঘোষণা করা হলোঃ

ক্র. নং	কার্যক্রমসমূহ	তারিখ ও সময়
১.	নির্বাচনী তফসিল ঘোষণা	১৫ অক্টোবর ২০২৬, বৃহস্পতিবার
২.	ক) সদস্য পদ নবায়নের সর্বশেষ সময়সীমা (সদস্যগণের ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত বার্ষিক চাঁদা ও অন্যান্য পাওনা পরিশোধিত থাকতে হবে) খ) ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন দাখিলের সর্বশেষ সময়সীমা (নির্বাচন সংক্রান্ত তথ্যাবলীর ক্রমিক নং-১ এ উল্লেখিত ডকুমেন্টস আবেদনের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে)	২৪ নভেম্বর ২০২৬, মঙ্গলবার, (বিকাল ৫টা পর্যন্ত)
৩.	প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ নোটিশ বোর্ডে অন্ততঃ ০৩ (তিন) দিন প্রদর্শন করতে হবে	৩০ নভেম্বর, ২০২৬, সোমবার
৪.	প্রাথমিক ভোটার তালিকার বিষয়ে নির্বাচন আপিল বোর্ডের নিকট আপত্তি (যদি থাকে) তা লিখিতভাবে দাখিল	১-৩ ডিসেম্বর, ২০২৬ (প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত)
৫.	দাখিলকৃত আপত্তির বিষয়ে নির্বাচন আপিল বোর্ড কর্তৃক শুনানি ও নিষ্পত্তি (শুনানির তারিখ ও সময় নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে)	৫-৭ ডিসেম্বর ২০২৬
৬.	নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ (নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে)	৮ ডিসেম্বর ২০২৬, মঙ্গলবার
৭.	নির্বাচনের জন্য প্রার্থী কর্তৃক মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিল [বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এর বিধি ২৩ (৩) ও (১১) এ উল্লেখিত কাগজপত্রসহ মনোনয়নপত্র নির্বাচন বোর্ডে দাখিল করতে হবে]	৮-১৫ ডিসেম্বর, ২০২৬ (প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত)
৮.	মনোনয়নপত্র পরীক্ষা ও প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ (নোটিশ বোর্ডে ও ওয়েবসাইটে ৭ দিন প্রদর্শিত হবে)	১৭ ডিসেম্বর ২০২৬, বৃহস্পতিবার
৯.	মনোনয়নপত্র বাতিল বিষয়ে সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক নির্বাচন আপিল বোর্ডের কাছে আপত্তি দাখিল	২৪ - ২৬ ডিসেম্বর ২০২৬ (প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত)
১০.	নির্বাচন আপিল বোর্ড কর্তৃক বাতিলকৃত মনোনয়ন পত্রের ওপর দাখিলকৃত আপত্তির শুনানি গ্রহণ ও নিষ্পত্তি	২৭ ডিসেম্বর, ২০২৬, রবিবার, বিকাল ৫টা
১১.	বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ (নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে)	২৮ ডিসেম্বর ২০২৬, সোমবার, বিকাল ৫টা
১২.	লিখিতভাবে প্রার্থীতা প্রত্যাহারের সময়সীমা	৩ জানুয়ারি ২০২৭ (বিকাল ৩টা পর্যন্ত)
১৩.	চূড়ান্ত প্রার্থী এবং প্রত্যাহারকৃত প্রার্থী তালিকা প্রকাশ (নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে)	৩ জানুয়ারি ২০২৭, রবিবার, বিকাল ৫টা

BANGLADESH SEMICONDUCTOR INDUSTRY ASSOCIATION
Level # 02, Plot # NE (B)-3B, Road # 74, Gulshan-2, Dhaka-1212, Bangladesh
info@bsia-bd.org bsia-bd.org semicon.BSIA company/bsia

ক্র. নং	কার্যক্রমসমূহ	তারিখ ও সময়
১৪.	ভোট গ্রহণ এবং নির্বাচনী ফলাফল প্রকাশ স্থানঃ পরবর্তীতে জানিয়ে দেয়া হবে	**২৩ জানুয়ারি ২০২৭, শনিবার** (ভোট গ্রহণ সকাল ১০ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত বিরতিহীনভাবে চলবে। ভোট গণনা শেষে নির্বাচনী ফলাফল ঘোষণা করা হবে।)
১৫.	নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ফলাফল ঘোষণা	২৩ জানুয়ারি ২০২৭, শনিবার, বিকাল ৫টা
১৬.	নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে নির্বাচনের ফলাফলের বিষয়ে নির্বাচন আপীল বোর্ডের কাছে আপত্তি দাখিল	২৪ জানুয়ারি, ২০২৭, রবিবার (সকাল ১০টা-বিকাল ৫টা পর্যন্ত)
১৭.	নির্বাচনী আপিল বোর্ড কর্তৃক নির্বাচনের ফলাফলের বিরুদ্ধে দাখিলকৃত আপিলের শুনানি গ্রহণ ও নিষ্পত্তি	২৫ জানুয়ারি ২০২৭, সোমবার, দুপুর ২টা থেকে বিকাল ৪টা
১৮.	নির্বাচন বোর্ড কর্তৃক সংশোধিত চূড়ান্ত ফলাফল ঘোষণা (যদি সংশোধনের প্রয়োজন হয়)	২৫ জানুয়ারি ২০২৭, সোমবার বিকাল ৫টা

০২। প্রয়োজনীয় ক্ষেত্রে নির্বাচনী তফসিলের পরিবর্তন/পরিমার্জন/সংশোধনের এখতিয়ার নির্বাচন বোর্ড সংরক্ষণ করে।
০৩। ক) নির্বাচন সংক্রান্ত যেকোন বিষয়ে বোর্ডে (ঠিকানা: বিএসআইএ, মঈন সেন্টার (দোতলা), বাড়ি-৯বি, রোড-৩, গুলশান-১, ঢাকা, ফোন নং-০১৭১২৮২১৮৪৮, ইমেইল: secretary@bsia-bd.org) অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
খ) নির্বাচন সংক্রান্ত যাবতীয় তথ্য/ নির্দেশনা/ বিজ্ঞপ্তি অ্যাসোসিয়েশনের কার্যালয়ের নোটিশ বোর্ডে/ ওয়েবসাইটে/ মেম্বার্স গ্রুপ-এ প্রদর্শন করা হবে।

ড. এম. এমদাদুল হক
সদস্য
নির্বাচন বোর্ড
বিএসআইএ নির্বাচন ২০২৭-২০২৮

তারেক রাফি ভূঁইয়া (জুন)
সদস্য
নির্বাচন বোর্ড
বিএসআইএ নির্বাচন ২০২৭-২০২৮

সৈয়দ আলমাস কবীর
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড
বিএসআইএ নির্বাচন ২০২৭-২০২৮

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। মহাপরিচালক (যুগ্মসচিব), বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সভাপতি, বাংলাদেশ সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন (বিএসআইএ), মঈন সেন্টার (দোতলা), বাড়ি-৯বি, রোড-৩, গুলশান-১, ঢাকা;
৩। চেয়ারম্যান, নির্বাচন আপিল বোর্ড, বাংলাদেশ সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন (বিএসআইএ), দ্বি-বার্ষিক নির্বাচন ২০২৬-২৮;
৪। সদস্য সকল (ডাকযোগে), বাংলাদেশ সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন (বিএসআইএ), মঈন সেন্টার (দোতলা), বাড়ি-৯বি, রোড-৩, গুলশান-১, ঢাকা;
৫। সচিব, বাংলাদেশ সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন (বিএসআইএ), মঈন সেন্টার (দোতলা), বাড়ি-৯বি, রোড-৩, গুলশান-১, ঢাকা; (নোটিশ বোর্ড/ওয়েবসাইটে/Members' Group-এ প্রদর্শনের অনুরোধসহ)।

BANGLADESH SEMICONDUCTOR INDUSTRY ASSOCIATION
Level # 02, Plot # NE (B)-3B, Road # 74, Gulshan-2, Dhaka-1212, Bangladesh
info@bsia-bd.org bsia-bd.org semicon.BSIA company/bsia

BSIA

স্মারক নম্বর: বেসিস/নির্বাচন বোর্ড/১৯৫/২০২৬ তারিখ: ১৫ অক্টোবর ২০২৬

বাংলাদেশ সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন (বিএসআইএ) এর ২০২৭-২০২৮ মেয়াদি দ্বি-বার্ষিক
নির্বাচন সংক্রান্ত তথ্যাবলি

১। ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস:

i. সংশ্লিষ্ট কোম্পানি/ফার্মের হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি (৩০ জুন ২০২৭ পর্যন্ত);

ii. হালনাগাদ ইনকাম ট্যাক্স সার্টিফিকেট/রিটার্ন জমা রশিদের ফটোকপি।

[প্রোপ্রাইটরশিপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে ব্যক্তির আয়কর সনদ এবং লিমিটেড/অংশীদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের আয়কর সনদ দাখিল করতে হবে (Assessment Year 2025-2026)]।

iii. লিমিটেড কোম্পানির ক্ষেত্রে উহার নির্বাহী পরিষদ কর্তৃক প্রতিনিধি (কোম্পানির পেশার হোল্ডার হতে হবে) মনোনয়নের রেজুলেশনের মূলকপি; অংশীদারি কারবারের ক্ষেত্রে অংশীদারদের দ্বারা মনোনীত প্রতিনিধির মনোনয়নপত্র, ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিকের প্রতিনিধি হবেন।

iv. সংশ্লিষ্ট প্রতিনিধির দুই কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি।

v. সংঘবিধি অনুযায়ী সদস্য নবায়ন সনদ/হালনাগাদ তথ্যাদি। [বকেয়া চাঁদা পরিশোধের রশিদ (মানি রিসিট ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত পরিশোধিত)]।

vi. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

[উপরে উল্লেখিত কাগজপত্রাদি নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের (২৪ নভেম্বর ২০২৬) মধ্যে নির্বাচন বোর্ডের নিকট (চেয়ারম্যান, নির্বাচন বোর্ড, বিএসআইএ সচিবালয়, মইন সেন্টার (দোতলা), গুলশান-১, ঢাকা, মোবাইল: ০১৭১২-৮২১৮৪৮) পোস্ট/কুরিয়ার/ইমেইল: info@bsia-bd.org/সরাসরি জমা দিতে হবে।]

২। প্রাথমিক ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি বা ভোটার তালিকা হতে নাম বাদ দেওয়ার প্রয়োজন হলে নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের মধ্যে নির্বাচন আপিল বোর্ডের নিকট লিখিত আবেদন করতে হবে। দায়িলকৃত আপত্তির বিষয়ে নির্বাচন আপিল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। প্রার্থী ব্যক্তিগতভাবে/প্রতিনিধির মাধ্যমে মনোনয়নপত্র দাখিল ও প্রত্যাহার করতে পারবেন। প্রতিনিধির মাধ্যমে মনোনয়নপত্র প্রত্যাহার করতে চাইলে প্রার্থী কর্তৃক প্রতিনিধি মনোনয়নের পত্র প্রমাণক হিসেবে দাখিল করতে হবে।

৪। (ক) ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত নেই এমন কোনো ব্যক্তি নির্বাচনে প্রার্থী বা প্রস্তাবকারী কিংবা সমর্থনকারী হতে পারবেন না।

(খ) নির্বাচন তফসিল অনুসারে নির্ধারিত সময়সীমার মধ্যে নির্বাচনে আগ্রহী প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্রসহ সঠিকভাবে পূরণকৃত মনোনয়নপত্র নির্বাচন বোর্ডের নিকট দাখিল করবেন, যথা:

(অ) নোটারি পাবলিক কর্তৃক সত্যায়নের মাধ্যমে ঋণখেলাপকারী কিনা সে বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত মূল প্রত্যয়নপত্র;

(আ) নোটারি পাবলিক কর্তৃক সত্যায়নের মাধ্যমে কর, ভ্যাট, শুল্ক হালনাগাদ পরিশোধ করেছেন কিনা সে বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত আয়কর, ভ্যাট রিটার্ন ও শুল্ক পরিশোধের মূল সনদপত্র;

(ই) ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া কারাদন্ডে দণ্ডিত কিনা এবং তাহার মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে কিনা সে বিষয়ে পুলিশ ক্লিয়ারেন্সের মূল সনদ;

(ঈ) প্রয়োজনীয় অন্যান্য দলিলাদি।

ড. এম. এমদাদুল হক	**তারেক রাফি ভূঁইয়া (জুন)**	**সৈয়দ আলমাস কবীর**
সদস্য	সদস্য	চেয়ারম্যান
নির্বাচন বোর্ড	নির্বাচন বোর্ড	নির্বাচন বোর্ড
বিএসআইএ নির্বাচন ২০২৭-২০২৮	বিএসআইএ নির্বাচন ২০২৭-২০২৮	বিএসআইএ নির্বাচন ২০২৭-২০২৮

BANGLADESH SEMICONDUCTOR INDUSTRY ASSOCIATION
Level # 02, Plot # NE (B)-3B, Road # 74, Gulshan-2, Dhaka-1212, Bangladesh
info@bsia-bd.org bsia-bd.org semicon.BSIA company/bsia